

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd



শেখ হাসিনা'র মুলনৈতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর: ৪৬.০০.০০০০.০৭০.০২.০০২.১৮-১৩৪

তারিখ: ১৯ মাঘ ১৪২৭
০২ ফেব্রুয়ারি ২০২১

প্রাপক: চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়
স্থানীয় সরকার বিভাগ
সিজিএ ভবন (৫ম তলা, গেট নং-৪), সেগুনবাগিচা, ঢাকা

বিষয়: চলতি ২০২০-২১ অর্থ বছরের বাজেটের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে 'সিটি কর্পোরেশনের উন্নয়ন সহায়তা' খাতের (কোড নং-২২১০০০৮০০) 'সাধারণ বরাদ্দ' উপ-খাত (অর্থনৈতিক কোড: ৪১১১৩১৭) হতে সিটি কর্পোরেশনসমূহের অনুকূলে ২য়-৩য় কিস্তির অর্থ অবমুক্তি।

সিটি কর্পোরেশনসমূহ অধিক্ষেত্রে উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের জন্য চলতি ২০২০-২১ অর্থ বছরের বাজেটের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে 'সিটি কর্পোরেশনের উন্নয়ন সহায়তা' খাতে (কোড নং-২২১০০০৮০০) বরাদ্দকৃত অর্থ (মূল বরাদ্দের ২৫% স্থগিতক্রমে) হতে সিটি কর্পোরেশনসমূহের আয়তন, জনসংখ্যা ও গত অর্থ বছরের রাজস্ব আয় বিবেচনায় অনুমোদিত বিভাজন অনুযায়ী 'সাধারণ বরাদ্দ' উপ-খাত (অর্থনৈতিক কোড: ৪১১১৩১৭) হতে সিটি কর্পোরেশনসমূহের অনুকূলে ২য়-৩য় কিস্তিতে এককালীন নিয়মবর্গিত অর্থ অবমুক্তিতে সরকারি মঙ্গুরি জ্ঞাপন করছি:

ক্রম	সিটি কর্পোরেশন	২য়-৩য় কিস্তিতে প্রদত্ত বরাদ্দ
১	ঢাকা উত্তর সিটি কর্পোরেশন	১৪.১০২৫ কোটি টাকা
২	ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন	১১.৮৮ কোটি টাকা
৩	চট্টগ্রাম সিটি কর্পোরেশন	৯.৫৫ কোটি টাকা
৪	খুলনা সিটি কর্পোরেশন	২.৫৭৫ কোটি টাকা
৫	রাজশাহী সিটি কর্পোরেশন	৩.০৫ কোটি টাকা
৬	বরিশাল সিটি কর্পোরেশন	১.৬০ কোটি টাকা
৭	সিলেট সিটি কর্পোরেশন	০.৯৩৫ কোটি টাকা
৮	কুমিল্লা সিটি কর্পোরেশন	১.৪৫ কোটি টাকা
৯	নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন	২.৪৭ কোটি টাকা
১০	রংপুর সিটি কর্পোরেশন	৪.২১২৫ কোটি টাকা
১১	গাজীপুর সিটি কর্পোরেশন	৮.১০ কোটি টাকা
১২	ময়মনসিংহ সিটি কর্পোরেশন	২.৫৭৫ কোটি টাকা
মোট		৬২.৫০ কোটি টাকা

- ২। এ ব্যয় চলতি ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন বাজেটের মঙ্গুরি নং-৩৪, হিসাবের খাত ১৩৭-১৩৭০১-২২১০০০৮০০ 'সিটি কর্পোরেশনের উন্নয়ন সহায়তা' খাতে বরাদ্দকৃত অর্থ হতে মিটানো হবে।
- ৩। অর্থ বিভাগের গত ২১ জানুয়ারি ২০২১ তারিখের ০৭.১১১.০১৪.০১.০০৩.২০১(অংশ-১)-২৮ নং স্মারক মূলে প্রদত্ত সম্মতির প্রেক্ষিতে ও নিয়মবর্গিত শর্তে এই অর্থ ছাড় করা হলো:
- (১) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিআর-২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;
 - (২) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ি থাকবে;
 - (৩) অব্যায়িত অর্থ ৩০ জুন ২০২১ তারিখের মধ্যে সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে;
 - (৪) পরবর্তী কিস্তির অর্থছাড়ের পূর্বে বর্তমানে ছাড়কৃত অর্থের ব্যয় বিবরণী প্রেরণ করতে হবে।
- ৪। নির্ধারিত কার্যক্রম বাস্তবায়ন ব্যতীত অন্য কোন কাজে এ ব্যয় করা যাবে না। অত্র মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক প্রতিস্থান্তরিত বিল উপস্থাপনের মাধ্যমে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র/ প্রধান নির্বাহী কর্মকর্তা মঙ্গুরীকৃত অর্থের আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন। তিনি এ অর্থ ব্যয়ে প্রচলিত নিয়মাচার ও আর্থিক বিধি-বিধান পালন করবেন।

[Signature]
নুমেরী জামান
উপসচিব

ফোন: ৯৫৭৩৬২৫


ই-মেইল: lgcc1@lgd.gov.bd

নম্বর: ৪৬.০০.০০০০.০৭০.০২.০০২.১৮-১৩৪/১(১০)

তারিখ: ১৯ মাঘ ১৪২৭
০২ ফেব্রুয়ারি ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (দ্র. আ. সিনিয়র সহকারী সচিব (বাজেট-১১ শাখা))
২. সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ/ কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
৩. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন (সকল)।
৫. মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. উপ-প্রধান, পরিকল্পনা অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. উপসচিব (সিটি কর্পোরেশন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. মাননীয় মেয়র এর একান্ত সচিব, ঢাকা উত্তর/ ঢাকা দক্ষিণ/ রাজশাহী/ খুলনা/ নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।
৯. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ঢাকা দক্ষিণ/ ঢাকা উত্তর/ চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
১০. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১১. বাজেট কাম হিসাব রক্ষণ কর্মকর্তা/ হিসাব রক্ষণ কর্মকর্তা, রাজশাহী/ খুলনা/ বরিশাল/ সিলেট/নারায়ণগঞ্জ/ রংপুর/ কুমিল্লা/ গাজীপুর/ ময়মনসিংহ সিটি কর্পোরেশন।
১২. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ-জিওটি এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হল।


নুমেরী জামান
উপসচিব